

<sup>১</sup>[৩৪ক। মূল্য সংযোজন কর সংক্রান্ত দলিলপত্রের প্রত্যায়িত প্রতিলিপি প্রদান।- পদমর্যাদায় সহকারী কমিশনার, মূল্য সংযোজন কর এর নিম্নে নহেন এমন কোনো মূল্য সংযোজন কর কর্মকর্তা যদি এই মর্মে সন্তুষ্ট হন যে, আবেদনকারী ব্যক্তি কোনো প্রতারণা করেন নাই অথবা তাহার কোনো প্রতারণা করিবার অভিপ্রায় নাই এবং মূল্য সংযোজন কর সংক্রান্ত কাঙ্ক্ষিত দলিলপত্র আবেদনে বর্ণিত উদ্দেশ্যের সহিত সংশ্লিষ্ট, তাহা হইলে উক্ত কর্মকর্তা, কোনো ব্যক্তির আবেদনক্রমে, বোর্ড কর্তৃক সময় সময় আদেশ দ্বারা নির্ধারিত হারে ফিস গ্রহণ করিয়া উক্ত দলিলপত্রের প্রত্যায়িত প্রতিলিপি সরবরাহ করিতে পারিবেন।]

---

<sup>১</sup>। অর্থ আইন, ২০০৬ (২০০৬ সনের ২২ নং আইন) এর ধারা ৩৬ বলে ধারা ৩৪ এর পর নতুন ধারা ৩৪ক সন্নিবেশিত।